

## ইউনিয়ন পরিষদ, ফরিদপুর

পদ: ইউনিয়ন পরিষদ সচিব ; তারিখ: ১৮.০৩.২২

Facebook Page: Matrix BCS Series

[প্রশ্নের ডান পার্শ্বে পূর্ণমান দ্রষ্টব্য] সময়ঃ ২:০০ ঘন্টা

## বাংলা - ২৫

১। নিম্নোক্ত কবিগণের মধ্যে কে প্রাচীনতম? (সঠিক উত্তরটি লিখুন)

- A. হেমচন্দ্র বন্দোপাধ্যায়    B. শাহ মোহাম্মদ সগীর  
C. আলাওল    D. আব্দুল হাকিম

উত্তর: B

হেমচন্দ্র বন্দোপাধ্যায়: জন্ম ১৮৩৮ সালে

শাহ মুহাম্মদ সগীর: হলেন প্রাচীনতম কবি। আনুমানিক ১৪ শতকের শেষ থেকে ১৫ শতকে

আলাওল: জন্ম আনুমানিক ১৬০৭ সালে

আব্দুল হাকিম: জন্ম ১৬২০ সালে

২। 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থটি কে রচনা করেছেন? (সঠিক উত্তরটি লিখুন)

- A. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়    B. রবীন্দ্রনাথ ঠাকুর  
C. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর    D. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

উত্তর: 'বেতাল পঞ্চবিংশতি' (১৮৪৭) গ্রন্থটি রচনা করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। এটি তার প্রথম প্রকাশিত গ্রন্থ।

৩। সাহিত্যের রস কত প্রকার? (সঠিক উত্তরটি লিখুন)

- A. ০৬ প্রকার    B. ০৭ প্রকার  
C. ০৮ প্রকার    D. ০৯ প্রকার

উত্তর: কাব্য বা সাহিত্য রস ৯ প্রকার। এগুলো হলো: শৃঙ্গার বা আদি রস, হাস্য রস, করুণ রস, রুদ্ধ রস, বীর রস, ভয়ংকর রস, বীভৎস রস, অদ্ভুত রস এবং শান্ত রস।

৪। ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখুন : ২.৫

অনাথআশ্রম = অনাথের নিমিত্ত আশ্রম (তৎপুরুষ সমাস)।

আটপৌরে = আট প্রহরের উপযুক্ত (বহুব্রীহি সমাস)।

কালসিন্ধু = কাল রূপ সিন্ধু (রূপক কর্মধারয় সমাস)।

ওতপ্রোত = ওত ও প্রোত (দ্বন্দ্ব সমাস)।

টিপসই = টিপের দ্বারা সই (তৎপুরুষ সমাস)।

৫। এক কথায় প্রকাশ করুন : ২.৫

মনুর বংশধর = মানব, সাপের খোলস = নির্মোক,

সাক্ষাৎ গ্রন্থা = সাক্ষী, অশ্বের ডাক = হ্রেষা,

অরণ্যে জাত অগ্নি = দাবানল।

৬। নিচের বাগধারা ব্যবহার করে অর্থপূর্ণ বাক্য লিখুন : ২.৫

a) অন্ধিসন্ধি (গোপন তথ্য) - নিজেকে তুমি আর লুকাতে পারবে না, তোমার অন্ধি-সন্ধি আমি জেনে ফেলেছি।

b) তুলসী বনের বাঘ (ভণ্ড সাধু): সোজা মনে হলেও আসলে রাসেল হচ্ছে তুলসী বনের বাঘ।

c) গৌরচন্দ্রিকা (ভূমিকা): গৌরচন্দ্রিকা বাদ দিয়ে আসল কথা বলো।

d) রাবণের শঙ্কাভাগ (কাজ করার আগেই ফল লাভের আশা): পরীক্ষা কেবলই শেষ হলো আর এখনই রাবণের শঙ্কাভাগ নিয়ে চিন্তা।

e) হরি ঘোষের গোয়াল (বহু অপদার্থ ব্যক্তির সমাবেশ): ছাত্রাবাসটা হয়েছে হরি ঘোষের গোয়াল।

৭। শুদ্ধ বানান লিখুন:

a) প্রকাশনি = প্রকাশনী। ন) ক্ষনজন্যা = ক্ষণজন্যা।

c) মুমূর্ষু = মুমূর্ষু। d) পিপীলীক = পিপীলিকা।

e) অত্যাধিক = অত্যধিক।

$$= (2a + 3b) \{(2a)^2 - 2a \times 3b + (3b)^2\}$$

$$= (2a + 3b) (4a^2 - 6ab + 9b^2)$$

১২।  $A = (1,2,3,4)$  হলে  $P(A)$  এর উপাদান সংখ্যা কত?

**সমাধান:** যেকোনো সেট  $A$  এর উপাদান সংখ্যা হলে  $A$  সেটের Power সেট  $P(A)$  এর উপাদান।

$$= 2^n = 2^4 \text{ [কারণ উপাদান ৪টি]}$$

$$= 16$$

১৩। একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল এবং তার কর্ণের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত কত?


**সমাধান:** ধরি, বর্গের একবাহুর দৈর্ঘ্য  $a$  একক

$$\therefore \text{বর্গের ক্ষেত্রফল} = a^2 \text{ বর্গএকক।}$$

আবার,  $\triangle ABC$  সমকোণী বলে বর্গের কর্ণের

$$\text{উপর অঙ্কিত ক্ষেত্রফল} = a^2 + a^2 = 2a^2$$

$$\therefore \text{নির্ণেয় অনুপাত} = \frac{a^2}{2a^2} = \frac{1}{2} = 1:2$$



১৪।  $4^{11}$  এর বিস্তৃতির সর্বশেষ অংকটি কত?

১৫। একটি খাতা ৩৬ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৭২ টাকায় বিক্রয় করলে তার দ্বিগুণ লাভ হতো। খাতাটির ক্রয় মূল্য কত?

**সমাধান:** ধরি, ক্রয়মূল্য =  $x$  টাকা

$$\text{প্রশ্নমতে, } 2(x - 36) = 72 - x$$

$$\Rightarrow 2x - 72 = 72 - x$$

$$\Rightarrow 3x = 144$$

$$\therefore x = 48$$

১৬। একটি শ্রেণিতে যতজন শিক্ষার্থী আছে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরো ৩০ পয়সা বেশি করে দিলে ৭০ টাকা হয়। ওই শ্রেণীর শিক্ষার্থীর সংখ্যা কত?

**সমাধান:** ধরি, ছাত্রছাত্রী আছে  $X$  জন

প্রশ্নমতে,  $X(X+30) = 70 \times 100$

$$\Rightarrow X^2 + 30X = 7000$$

$$\Rightarrow X^2 + 30X - 7000 = 0$$

$$\Rightarrow X^2 + 100X - 90X - 9000 = 0$$

$$\Rightarrow X(X + 100) - 90(X - 100) = 0$$

$$\Rightarrow (X + 100)(X - 90) = 0$$

$$\text{এখন, } X+100 = 0 \quad X - 90 = 0$$


$$\therefore X = -100 \text{ গ্রহণযোগ্য নয়। } \therefore X = 90$$

অর্থাৎ ছাত্রছাত্রীর সংখ্যা ৭০ জন।

১৭। একটি বৃত্তাকার মাঠের ব্যাস ১২৪ মিটার। মাঠের সীমানা ঘেঁষে বাইরের দিকে ৬ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত?

**সমাধান:** এখানে মাঠের ব্যাস  $CD = 124$  মিটার

$$\therefore \text{মাঠের ব্যাসার্ধ} = \frac{124}{2} = 62 \text{ মিটার}$$



$$\therefore \text{মাঠের ক্ষেত্রফল} = \pi \times (62)^2 \text{ বর্গমিটার}$$

$$\text{আবার, রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ} = 62 + 6$$

$$= 68 \text{ মিটার}$$

$$\therefore \text{রাস্তাসহ মাঠের ক্ষেত্রফল} = \pi \times (68)^2 \text{ বর্গমিটার।}$$

$$\therefore \text{নির্ণেয় রাস্তার ক্ষেত্রফল} = \pi (68)^2 \times (62)^2 = (\pi \times 8628) - (\pi \times 3888)$$

$$= 960 \times \pi = 2,850.85 \text{ বর্গমিটার।}$$

১৮। প্রথম ১০টি স্বাভাবিক সংখ্যার ঘনফলের সমষ্টি কত?

**সমাধান:** আমরা জানি,  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনফলের সমষ্টি নির্ণেয়ের সূত্র

$$\text{হলোঃ } \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$$

৮। ভাব সম্প্রসারণ করুন: “তোমারে যা দিয়েছিলু সে তোমারি দান, গ্রহণ করেছো যত, ঋণী তত করেছ আমায়”।

**উত্তর:** মূলভাবঃ পৃথিবীতে স্রষ্টার অপার নিয়ামতে ডুবে আছি আমরা সবাই। মহান রব আমাদের যা কিছু গ্রহণ করেন-এ কেবল তারই কৃপা।

সম্প্রসারিত ভাবঃ রবীন্দ্রনাথ ঠাকুর উল্লিখিত উক্তিটি করেছেন তাঁর রচিত 'শেষের কবিতা' উপন্যাসে। উপন্যাসটিতে একজন পুরুষ এবং নারীর কথোপকথানের বিষয়টিকে ছাপিয়ে তিনি ঐশ্বর্যবান (ঈশ্বর) কে উদ্দেশ্য করেই যেন কথাটি বলেছেন। কাজেই মানবের প্রতি ঈশ্বর বা মহান সৃষ্টিকর্তার এই বদন্যতাকেই প্রাসঙ্গিক ভেবে জীবনপথ পাড়ি দিতে হবে। এই পৃথিবী সৃষ্টির পর থেকেই প্রাণিকূল যত সুযোগ-সুবিধা, প্রেম-ভালবাসা, মায়া-মহব্বত ও হেদায়েত লাভ করেছে, তা একমাত্র তারই দান। বিশেষ করে ভালোবাসা। এই ভালোবাসার উৎস যেন মহান রব। তার থেকেই ভালোবাসার উৎপত্তি। তাঁর থেকেই ভালোবাসা সঞ্চারিত হয়েছে, ধরণীতে, মানবের অন্তরে। এই ভালোবাসার কারণে মা তার সন্তানকে, গরু তার বাবাকে, কুকুর তার বাচ্চাকে, মুরগী তার বাচ্চাকে ভালোবাসে। এই ভালোবাসাতেই যেন মানবতা জাগ্রত হয়ে ওঠে। আর এই সমস্ত ভালোবাসার বিনিময়ে মহান রবের উদ্দেশ্যে আমরা যতটুকু ভালোবাসা প্রেরণ করতে পারি, তা গ্রহণ করে তিনি কেবলই আমাদের ঋণী করেন। এটা তার দয়া ও রহম।

প্রেম, ভালোবাসা ও মহব্বত- এসবই যদি তা হয় রহমানের জন্য। কাজেই রবকে ভালোবাসার ক্ষেত্রে এগিয়ে থাকতে হবে। ভালোবাসতে হবে রবকে খুশি করার জন্যই। কারণ আমরা একমাত্র তার জন্যই নিবেদিত।

৯। প্রবন্ধ লিখুন: স্বল্পোজাত দেশ থেকে মধ্যম আয়ের দেশে উত্তরনঃ চ্যালেঞ্জ ও সম্ভাবনা।

**উত্তর:** দেখুন এই অধ্যায়ে - প্রবন্ধ/ রচনা

### গণিত- ২৫

১০। একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ২ মিটার হলে ত্রিভুজের ক্ষেত্রফল কত?

**সমাধান:** আমরা জানি, সমবাহু ত্রিভুজের একবাহু  $a$  হলে তার ক্ষেত্রফল  $\frac{\sqrt{3}}{4}$  একক।

$$\therefore \text{নির্ণেয় ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} a^2 = \frac{\sqrt{3}}{4} 2^2 = \frac{\sqrt{3}}{4} \times 4 = \sqrt{3} \text{ বর্গমিটার।}$$

১১। উৎপাদকে বিশ্লেষণ করুন :  $8a^3 + 27b^3$

**সমাধান:** দেয়া আছে,  $8a^3 + 27b^3$

$$= (2a)^3 + (3b)^3$$

এখানে প্রথম ১০ টি স্বাভাবিক সংখ্যার কথা বলায়  $n = 10$  হবে।

$$\begin{aligned}\therefore \text{নির্ণেয় সমষ্টি} &= \left\{ \frac{10(10+1)}{2} \right\}^2 = \left\{ \frac{10 \times 11}{2} \right\}^2 \\ &= 55^2 = 3,025\end{aligned}$$

১৯. দুই অংক বিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি ৯। অঙ্কদ্বয় স্থান পরিবর্তন করলে যে সংখ্যা পাওয়া যায় তা প্রদত্ত সংখ্যা হতে ৪৫ কম। সংখ্যাটি কত?

**সমাধান:** ধরি, একক স্থানীয় অঙ্ক  $x$  এবং দশক স্থানীয় অঙ্ক  $(9 - x)$

$$\therefore \text{সংখ্যাটি} = 10(9 - x) + x = 90 - 10x + x = 90 - 9x$$

$$\text{প্রশ্নমতে, } 90 - 9x - \{10x + (9 - x)\} = 45$$

$$\Rightarrow 90 - 9x - (10x + 9 - x) = 45$$

$$\Rightarrow 90 - 9x - 10x - 9 + x = 45$$

$$\Rightarrow 81x - 19x = 45$$

$$\Rightarrow 19x = 81 - 45 = 36$$

$$\therefore x = \frac{36}{19} = 2$$

$$\therefore \text{নির্ণেয় সংখ্যাটি} = 90 - 9x = 90 - (9 \times 2) = 90 - 18 = 72$$

**ইংরেজি ২৫**

২০। ইংরেজিতে অনুবাদ করুন:

a) নদী ভাঙ্গন বাংলাদেশের একটি ভয়াবহ সমস্যা।

**Ans.** River erosion is a terrible problem in Bangladesh.

b) আমরা স্টেশনে পৌঁছানোর পূর্বেই ট্রেন ছেড়ে দিল।

**Ans.** The train had left before we reached the station.

c) যখন কৃষকেরা মাঠ কাজ করছিল তখন বৃষ্টি নামল।

**Ans.** While the farmers were working in the field, it rained.

d) মানুষ আকাশে উড়তে পারে না, পারে কি?

**Ans.** Man can not fly in the sky, can he?

e) কাটিতে কাটিতে ধান এল বরষা।

**Ans.** The rains came while cutting the paddy.

২১। Write a composition on "The Padma Bridge: A Journey towards Development".

**Ans.** Please see in Paragraph chapter.

২২। Use appropriate preposition:

a) He has no ambition \_\_\_ fame. **Ans.** (for)

b) Show allegiance \_\_\_ your Imaster. **Ans.** (to)

c) He made a comment \_\_\_ my lecture. **Ans.** (on/ upon)

d) You should have sufficient exposure \_\_\_ English.

**Ans.** (to)

e) He has reputation \_\_\_ eloquence. **Ans.** (for)

f) You should abstain \_\_\_ smoking. **Ans.** (from)

২৩।

Beauty (verb), Encourage (noun), Great (adverb), Power (verb), Advise (Noun)

a) Beauty (verb) = Beautify (সুন্দর)

You should beautify yourself.

b) Encourage (noun) = Encouragement (উৎসাহ)

Everybody needs encouragement.

c) Great (adverb) = Greatly (অত্যন্ত)

We are greatly delighted by them.

d) Power (verb) = Empower (কাউকে ক্ষমতা অর্পণ করা)

We need movements to empower the poor.

e) Advise (Noun) = Advice (উপদেশ)

Hanjala should take advice from his father.

২৪। Use the right form of verbs within bracket.২

a) I went back to work (close) the door.

**Ans.** I went back to work closing the door.

b) Had I (Know) you earlier (known)

**Ans.** Had I known you earlier.

c) I went outside having (forget) him. (forgotten)

**Ans.** I went outside having forgotten him.

d) He (be) absent for a week.

**Ans.** He has been absent for a week.

২৫। Write appropriate articles.

a) It is ----- heroic deed. **Ans.** (a)

b) You are ----- Nazrul, I see. **Ans.** (a)

c) I saw ----- one eyed man. **Ans.** (a)

d) ----- English is an international language.

**Ans.** (no article)

বিজ্ঞান, প্রযুক্তি ও সাধারণ জ্ঞান- ২৫

২৬.

a) কম্পিউটারের দুইটি অপারেটিং সিস্টেমের নাম লিখুন।

**উত্তর:** LINUX, MS-DOS

b) দুইটি সামাজিক যোগাযোগ মাধ্যম ওয়েবসাইটের নাম লিখুন।

**উত্তর:** Facebook, Twitter

c) মাইক্রোসফট এক্সেলে দুটি সংখ্যা যোগ করার ফর্মুলা লিখুন।

**উত্তর:** SUM (Range) Or SUM (List)

d) PUBG কি?

**উত্তর:** PUBG হলো মোবাইল ও কম্পিউটার গেমস।

e) VIRUS এর পূর্ণরূপ লিখুন।

**উত্তর:** Vital Information Resources Under Seize.

f) কম্পিউটারের একটি ইনপুট ও একটি আউটপুট ডিভাইসের নাম লিখুন।

**উত্তর:** Keyboard ইনপুট ও Monitor আউটপুট ডিভাইস।

g) GPS এর পূর্ণরূপ লিখুন।

**উত্তর:** Global Positioning System

২৭. a) http পূর্ণরূপ কি? এর উদ্ভাবক কে ?

**উত্তর:** Hypertext Transfer Protocol Secure. আর http হচ্ছে ইন্টারনেটে তথ্য আদান প্রদানের একটি জনপ্রিয় ও বহুল প্রচলিত পদ্ধতি। পদার্থবিদ ও কম্পিউটার বিজ্ঞানী টিম বার্নার্স লী ১৯৮৯ সালে এই পদ্ধতিটি তৈরি করেন।

b) ই-পুর্জি ও ই-পর্চা কি ?

**উত্তর:** ই-পুর্জি হলো চিনিকলের পুর্জি অর্থাৎ ইক্ষু সরবরাহের অনুমতিপত্রকে ই-পুর্জি বোঝায়। এটি একটি 'ই-কমার্স' জাতীয় সেবা। আর বর্তমানে ই-পর্চা (Eporcha) হচ্ছে বাংলাদেশের ভূমি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি ওয়েবসাইট Eporcha gov bd. যেখানে আমরা এই ওয়েবসাইটটি ব্যবহার করে ভূমি সংক্রান্তসকল সেবা গ্রহণ করতে পারি।

c) বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ কবে ও কোথা থেকে উৎক্ষেপণ করা হয়?

**উত্তর:** বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ শুক্রবার (১১ মে) দিবাগত রাত ২:১৪ মিনিটে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা হয়।

d) প্রোগ্রামিং কি? এর প্রবর্তক কে?

**উত্তর:** প্রোগ্রামিং হল একটি নির্দিষ্ট কার্য সম্পাদন করার জন্য এক্সিকিউটেবল কম্পিউটার প্রোগ্রাম ডিজাইন ও বিন্ডিংয়ের প্রক্রিয়া। প্রোগ্রামের লিখিত রূপটিকে সোর্স

কোড বলা হয়। যিনি সোর্স কোড লিখেন তাকে প্রোগ্রামার। যেকোনো বই একটি ভাষাতে যেমন ইংরেজি, রুশ, জাপানি, বাংলা, ইত্যাদিতে লেখা হয়, তেমনি প্রতিটি প্রোগ্রাম কোন একটি নির্দিষ্ট প্রোগ্রামিং ভাষাতে লেখা হয়, যেমন সি++, জাভা ইত্যাদি। প্রোগ্রাম রচনা করার সময় প্রোগ্রামারকে ঐ নির্দিষ্ট প্রোগ্রামিং ভাষার সিনট্যাক্স বা ব্যাকরণ মেনে চলতে হয়। কম্পিউটার প্রোগ্রামিং ধারণার প্রবর্তক অগাস্টা অ্যাডা লাভলেসের (১৮১৫-১৮৫২) জন্ম ইংল্যান্ডে। অগাস্টা অ্যাডা কিং নোয়েল বা লাভলেসের কাউন্টেস নামেও তিনি পরিচিত ছিলেন ইংরেজি গণিতবিদ ও লেখক।

e) ফরিদপুর জেলার পূর্বনাম কি? এ জেলা কত সালে প্রতিষ্ঠিত হয়?

**উত্তর:** ফরিদপুর জেলার পূর্বনাম ছিলো 'ফতেহাবাদ'। এই জেলাটি ১৮১৫ সালে প্রতিষ্ঠিত হয়। আর ফরিদপুরের নামকরণ করা হয়েছে প্রখ্যাত সুফি সাধক শাহ শেখ ফরিদুদ্দিনর নামানুসারে।

f) মহান মুক্তিযুদ্ধে ফরিদপুর কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল এবং এই সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?

**উত্তর:** ফরিদপুর ৮-নং সেক্টরের অন্তর্ভুক্ত ছিল এবং এই সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন মেজর আবু ওসমান চৌধুরী (আগস্ট পর্যন্ত) ও মেজর এম, এ. মঞ্জুর (আগস্ট-ডিসেম্বর)। আর সেই সেক্টরের সদর দপ্তর ছিল কল্যাণী, ভারতে।

g) ফরিদপুর জেলায় কত ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান আছে? তাদের নাম লিখুন।

**উত্তর:** তিন ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান রয়েছে (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং জেলা পরিষদ)।

h) শহীদ আসাদের নাম কোন আন্দোলনের সাথে জড়িত? তিনি কোন তারিখে শহীদ হন?

**উত্তর:** ২০ জানুয়ারি (বুধবার) শহীদ আসাদ দিবস। ১৯৬৯ সালের এই দিনে পাকিস্তানি স্বৈরশাসক আইয়ুব খান সরকারের বিরুদ্ধে এ দেশের ছাত্রসমাজের ১১ দফা কর্মসূচির মিছিলে নেতৃত্ব দিতে গিয়ে পুলিশের গুলিতে জীবন দেন ছাত্রনেতা আমানুল্লাহ মোহাম্মদ আসাদুজ্জামান। তার স্মরণে দিনটি শহীদ আসাদ দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

j) রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে সালে নাইট উপাধি লাভ করেন? কোন ঘটনার প্রেক্ষিতে নাইট উপাধি ত্যাগ করেন?

**উত্তর:** ১৯১৫ সালে তৎকালীন ভারত (ব্রিটিশ) সরকার রবীন্দ্রনাথ ঠাকুরকে 'স্যার বা নাইট' উপাধি প্রদান করেন। আর ১৯১৯ সালে তিনি জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের প্রতিবাদে 'নাইট' উপাধি ত্যাগ করেন।